ফ্ল্যাটে ঢুকছে কারা? অভিযোগ ১৩ ট্রেন নগণ্য, মেট্রোয় দুর্ভোগ ১৪

আনন্দবাজার পত্রিকা

কলকাতা

চল্লিশ মিনিটেও মিলল না ট্রলি, মৃত্যু বৃদ্ধের

নিজস্ব সংবাদদাতা

ব্যবধান মাত্র তিরিশ দিনের। সরকারি হাসপাতালে রোগী-মৃত্যুর ঘটনায় ফের সময়ে পরিষেবা না পাওয়ার অভিযোগ উঠল। যার জেরে রোগীর পরিজনেদের মারে রক্তাক্ত হয়ে ওই হাসপাতালেই চিকিৎসাধীন জরুরি বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মী। এন আর এসের পরে এ বার ঘটনাস্থল এসএসকেএম।

৬৯ বছরের বৃদ্ধ নারায়ণচন্দ্র বাগচী সকাল থেকে বুকের ব্যথায় অস্বস্তি বোধ করছিলেন। বৃহস্পতিবার সকাল ১১টা নাগাদ জগাছার বাসিন্দা অসুস্থ বৃদ্ধকে এসএসকেএমের জরুরি বিভাগে নিয়ে আসেন পরিজনেরা। বৃদ্ধের ছেলে সৌরভ বাগচী জানান, চিকিৎসকেরা নারায়ণবাবুকে ভর্তি করানোর পরামর্শ দেন। কিন্তু অভিযোগ, ঠায় ৪০ মিনিট অপেক্ষা করার পরেও তাঁরা ট্রলি পাননি। এরই মধ্যে শৌচাগার যেতে চান নারায়ণবাবু। উপায় না দেখে অসুস্থ বৃদ্ধকে হাঁটিয়ে জরুরি বিভাগ থেকে খানিক দূরে শৌচাগারে নিয়ে যান পরিজনেরা। সেখানে তিনি অসুস্থ হয়ে পড়লে ফের ট্রলির জন্য বাড়ির লোকজন জরুরি বিভাগে ছোটেন। শেষমেশ রোগীর কাছে ট্রলি যতক্ষণে পৌঁছয়, ততক্ষণে তাঁর মৃত্যু হয়েছে।

অভিযোগ, এর পরেই জরুরি বিভাগের দায়িত্বপ্রাপ্ত বেসরকারি সংস্থার চতুর্থ শ্রেণির কর্মী অমৃত রায়ের উপরে চড়াও হন নারায়ণবাবুর ভাই জয়ন্ত বাগচী। বেসরকারি সংস্থার রক্ষীদের উদ্দেশে গালিগালাজও করেন মৃত রোগীর আত্মীয়েরা। পুলিশ সূত্রের খবর, জয়ন্তবাবু অমৃতের মুখে ঘুসি মারলে তাঁর কানের নীচ থেকে রক্ত বেরোতে থাকে। প্রাথমিক চিকিৎসার পরে ওই কর্মীর সিটি স্ক্যান করানো হয়। পরে 'ইনস্টিটিউট অব ওটোরাইনোল্যারিঙ্গোলজি অ্যান্ড হেড অ্যান্ড নেক সার্জারি' বিভাগে অমৃতকে ভর্তি করার পরামর্শ দেন চিকিৎসকেরা।



■ **মোতায়েন:** রোগীর মৃত্যুর পরে এসএসকেএম চত্বরে পুলিশ। (পাশে) হাসপাতাল চত্বরে সিসি ক্যামেরা ঠিক করছেন এক কর্মী। বৃহস্পতিবার। *ছবি: বিশ্বনাথ বণিক*

ঘটনার জেরে সাময়িক ভাবে কাজ বন্ধ রেখে সুপার রঘুনাথ মিশ্রের কার্যালয়ে যান জরুরি বিভাগের দায়িত্বে থাকা ওই বেসরকারি সংস্থার কর্মীরা। ক্ষুব্ধ কর্মীরা জানিয়েছেন, আগে 'ইমার্জেন্সি ট্রলি পার্সন' হিসেবে প্রতি শিফটে ১২ জন কর্মী ছিলেন। এখন তা সাকুল্যে চার জনে ঠেকেছে। রোগীকে ওয়ার্ডে ভর্তি, বহির্বিভাগে নিয়ে যাওয়া, বিবিধ পরীক্ষা করানো এবং গুরুতর অসুস্থ রোগীকে এক বিভাগ থেকে অন্য বিভাগে নিয়ে যাওয়ার দায়িত্ব তাঁদেরই। হাতেগোনা কর্মীর পক্ষে রোগীর বিপুল চাপ সামলাতে গিয়ে অনেক সময়ে দেরি হয় বলে বক্তব্য বিক্ষুব্ধ কর্মীদের। একই সঙ্গে এসএসকেএমের মতো হাসপাতালে পর্যাপ্ত ট্রলিও নেই বলে জানিয়েছেন তাঁরা।

বস্তুত, এন আর এস-কাণ্ডের পরে এ ধরনের পরিস্থিতি রোধে প্রশাসনের তরফে যে আশ্বাস মিলেছিল, এ দিনের ঘটনা তার সারবত্তা নিয়েই প্রশ্ন তুলে দিয়েছে। গন্ডগোলের খবরে এ দিন ঘটনাস্থলে যান কলকাতা পুলিশের ডিসি (কমব্যাট) নভেন্দ্র সিংহপাল। পুলিশের এক আধিকারিক জানান, রোগীর পরিজন আচমকা মারধর করায় রক্তপাত এড়ানো যায়নি। তবে দ্রুত ব্যবস্থা নিয়ে দু'জনকে গ্রেফতার করা হয়েছে।

সুপার রঘুনাথবাবু বলেন, "পর্যাপ্ত ট্রলি রয়েছে। একসঙ্গে অনেক রোগী ট্রলি নিয়ে গেলে তা ফেরত আসতে দেরি হয়। তা ছাড়া, রোগীর পরিজনেরা ট্রলি ফেরত না দেওয়ায় সেগুলি খুঁজে আনতেও সময় লাগে। এরই মধ্যে ওই বৃদ্ধের অবস্থার অবনতি হয়েছিল। তবে নিরাপত্তারক্ষীদের উপস্থিতিতে মারধরের ঘটনা আমরা সহজ ভাবে নিচ্ছি না।"

শহরে দূষণ

কলকাতা	৮৪
দিল্লি	৬৭
মুম্বই	৬৩
চেন্নাই	৮৮

১৫০-২০০ অস্বাস্থ্যকর
২০০-৩০০ ভীষণ অস্বাস্থ্যকর

মার্কিন দূতাবাস থেকে বিকেল ৩টেয় পাওয়া তথ্য

আজ

প্রদর্শনী

আইসিসিআর: ১১-৭টা। 'গ্রিন আইভরি'। বাংলার শোলা শিল্প নিয়ে প্রদর্শনী। ৩-৫টা। 'অপরচুনিটিজ অ্যান্ড ইনোভেশনস উইথ শোলা' প্রসঙ্গে আলোচনা।

আলোচনা

রামকৃষ্ণ মঠ (যোগোদ্যান): ৫-৩০। 'ভক্তিপ্রসঙ্গ' আলোচনায় স্বামী ইষ্টব্রতানন্দ। **রামকৃষ্ণ সারদা মিশন আশ্রম (এন্টালি):** ৬টা। 'দ্বিজেন্দ্রলাল রায়' প্রসঙ্গে পম্পা বন্দ্যোপাধ্যায়। **বাংলা আকাদেমি:** ৬-৩০। বিষ্ণু বসু স্মারক বক্তৃতা। 'অভিনেতা ও নির্দেশকের সম্পর্ক' প্রসঙ্গে গৌতম হালদার। থাকবেন পঙ্কজ মুন্সী। আয়োজনে কালিন্দী ব্রাত্যজন। **আইসিসিআর:** ৬টা। পড়ুয়াদের আত্মহত্যা নিয়ে আলোচনা। আয়োজনে লায়ন্স ক্লাব অব ক্যালকাটা বিদ্যামন্দির এবং কলকাতা সুকৃতি ফাউন্ডেশন।

বিবিধ

জোড়াসাঁকো ঠাকুরবাড়ি: ৫টা। প্রতাপচন্দ্র চন্দ্রের জন্মশতবর্ষ পালন ও 'বর্ষা উৎসব'। আয়োজনে রবীন্দ্রভারতী সোসাইটি। **শিশির মঞ্চ:** ৬টা। কবিতা আলেখ্য 'আমার ভারতবর্ষ'। **পি সি চন্দ্র গার্ডেন:** ৫-৩০। চন্দন রায়চৌধুরীর সঙ্গীতজীবন স্মরণে অনুষ্ঠান। আয়োজনে নিটোল। **সল্টলেক সিটি সেন্টার:** ২টো-৯টা। খাদ্য উৎসব 'পত্রিকা এক পাতে দুই বাংলা'। আয়োজনে আইআইএইচএম। ২১ তারিখ পর্যন্ত।

এ বার আনন্দবাজার পত্রিকার সঙ্গে যোগাযোগ আপনার হাতের মুঠোয়। হোয়াটসঅ্যাপেই সরাসরি জানাতে পারবেন কোনও খবর, বা এলাকার সমস্যা। পাঠাতে পারবেন ছবিও।

যোগাযোগের নম্বর: 80177 61234

এই নম্বরে কোনও ফোন করা যাবে না।

Scanned

1741/C/2019
99/WBHRC/Suo/19

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 1570 /25/ 5 /2019

Date: 19. 07. 2019

Enclosed is the news clippings appeared in the " Ananda Bazar Patrika", a Bengali daily dated 19. 07. 2019, the news item is captioned ' চল্লিশ মিনিটেও মিলল না ট্রলি, মৃত্যু বৃদ্ধের .

Principal Secretary, Health & Family Welfare Department, Govt. of West Bengal is directed to look into the matter and to furnish a report to the Commission within four weeks from the date of communication of this direction.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

(Naparajit Mukherjee)
Member

19/7/2019

Asstt. Secy.(L & R Wing) / S.O.
is to take immediate action
19.07.19

Encl: News Item Dt. 19.07.19

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

orders above — F/c sput up for approval.
01/8/19

SDB

Done 29/7